৫৭

ভোরের কাগজ

তারিখ ... JUL. 7 1999

পৃষ্ঠা ৩ কলাম ২

# কৃষি বিশ্ববিদ্যালয়ে বিক্ষোভ মাৎস্যবিজ্ঞান অনুষদে তালা

কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিনিধি : বিসিএস (মৎস্য) ক্যাডার নিয়োগবিধি পরিবর্তনের প্রস্তাবের প্রতিবাদে এবং ৩য় শ্রেণীর কর্মচারীদের প্রথম শ্রেণীতে পদোন্নতিদানের প্রতিবাদে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় মাৎস্য বিজ্ঞান অনুষদীয় ছাত্র সমিতির উদ্যোগে গত সোমবার ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ হয়েছে। সমাবেশ শেষে উত্তেজিত ছাত্রছাত্রীরা মাৎস্য বিজ্ঞান অনুষদে তালা ঝুলিয়ে দিয়েছে এবং অনির্দিষ্ট সময়ের জন্য ক্লাস পরীক্ষাসহ সকল কর্মকাণ্ড বন্ধ ঘোষণা করেছে।

মাৎস্য বিজ্ঞান অনুষদীয় ছাত্র সমিতির ভিপি এমদাদুল হক রিপনের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয় আমতলায় অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন অনুষদীয় ছাত্র সমিতির সাবেক ভিপি বিশ্বনাথ সরকার বিটু, আবু জাফর বেপারী, খন্দকার গোলাম মোস্তফা, আসাদুজ্জামান লাবলু প্রমুখ নেতৃবৃন্দ।

বক্তাগণ বলেন, বর্তমানে সুপারিশকৃত নিয়োগবিধি সম্পূর্ণ নিয়ম বহির্ভূত ও অযৌক্তিক, কোনো টেকনিক্যাল ক্যাডারে ৩য় থেকে প্রথম শ্রেণীতে পদোন্নতির কোনো নিয়ম নেই। যদি ১৯৮১ সালে প্রণীত বিসিএস (মৎস্য) ক্যাডার নিয়োগবিধি পরিবর্তন করা হয় তবে টেকনিক্যাল ক্যাডারে বিশৃঙ্খলা সৃষ্টি হবে বলে বক্তব্যে বলা হয়।

সমাবেশ শেষে নেতৃবৃন্দ উপাচার্যের কার্যালয় অবরোধ করে রাখে প্রায় তিন ঘন্টা। এ সময় নেতৃবৃন্দের সঙ্গে আলোচনা সাপেক্ষে পরে অবরোধ প্রত্যাহার করে নেওয়া হয়।